



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০.৫৩৩

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮

১২ অক্টোবর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের নিষ্পত্তিকৃত রিট নং ৮৮১৭/২০২০ এর নির্দেশনার প্রেক্ষিতে সহকারী
অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার আক্বাস উদ্দিন খান সোহাগপুর মডেল কলেজের শিক্ষক জনাব নুরুন্নাহার, প্রভাষক(ইংরেজি) ও জনাব হোসেন মো: হাবিবুর রহমান, প্রভাষক(সমাজবিজ্ঞান) সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য মহামান্য আদালতে রিট পিটিশন নং ৮৮১৭/২০২০ দায়ের করেন। মহামান্য আদালতের রায়ের আলোকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন করেন। রিট মামলার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখার মতামত : ব্রাহ্মণবাড়িয়া জেলা আশুগঞ্জ উপজেলাধীন আক্বাস উদ্দিন খান সোহাগপুর মডেল কলেজের প্রভাষক (ইংরেজি) জনাব নুরুন্নাহার এবং প্রভাষক (সমাজ বিজ্ঞান) জনাব হোসেন মো: হাবিবুর রহমান-কে দীর্ঘ দিন যাবত কলেজ কর্তৃপক্ষ সহকারী অধ্যাপক পদে পদোন্নতি না দেওয়ায় তারা একত্রে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৮১৭/২০২০ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ কোন রুল জারি না করে ২ নং বিবাদী (মহাপরিচালক, মাউশি অধিদপ্তর) কে পিটিশনারগণের ১৫/১১/২০২০ তারিখের আবেদন (এনেক্সার-G) বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

এমতাবস্থায়, মহামান্য আদালতের নির্দেশনার আলোকে পিটিশনারদের সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ১০ কর্মদিবসের মধ্যে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১২-১০-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক (কলেজ-৩)

বিতরণ :

- ১) সভাপতি, গভর্নিং বডি, আক্বাস উদ্দিন খান সোহাগপুর মডেল কলেজ, ব্রাহ্মণবাড়িয়া
- ২) অধ্যক্ষ, আক্বাস উদ্দিন খান সোহাগপুর মডেল কলেজ, ব্রাহ্মণবাড়িয়া (আদেশ প্রতিপালন না করলে তাঁর বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০.৫৩৩/১(৩)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮


১২ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা

২) জনাব নুরুন্নাহার, প্রভাষক(ইংরেজি) ও জনাব হোসেন মো: হাবিবুর রহমান, প্রভাষক(সমাজবিজ্ঞান), আব্বাস
উদ্দিন খান সোহাগপুর মডেল কলেজ, ব্রাহ্মণবাড়িয়া

৩) সংরক্ষণ নথি



১২-১০-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক(কলেজ-৩)